বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd www.ebmeb.gov.bd

২০২৩ সালের দাখিল পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং-বামাশিবো/পরী/দাখিল-২০২৩/৩৮৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪২৯ / ১২ ডিসেম্বর, ২০২২

এতদ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, অত্র বোর্ডের অধীনে ২০২৩ সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষার Online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি জমা দেওয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

প্রতিষ্ঠানে একই নামে একাধিক ছাত্র/ছাত্রী থাকতে পারে। সে ক্ষেত্রে ফরম পূরণের সময় তাদের রেজিস্ট্রেশন নম্বর, ছবি ও পিতা-মাতার নাম মিলিয়ে পরীক্ষার্থী সনাক্ত করতে হবে। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধান দায়ি থাকবেন।

১। **Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন:** শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট **(www.ebmeb.gov.bd)** এ **১৫/১২/২০২২** তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে **১৮/১২/২০২২ থেকে ০৪/০১/২০২৩** তারিখের মধ্যে Online এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ **(eFF)** সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহকে মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **eFF** এ ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **Login** করে **Probable List** এ যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী নির্ধারণ করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable List** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable List** থেকে **Select** করতে হবে ।

(গ) **Temporary List Print** করে ভালোভাবে যাচাইবাছাই করে প্রয়োজন হলে **Select/Unselect** করা যাবে।

(ঘ) এরপর **TT Silp Print** করতে হবে। নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় (যে শাখায় সোনালী সেবা চালু আছে) **TT Silp** এ উল্লিখিত পরিমাণ টাকা জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, **TT Silp Print** করলে আর কোন অবস্থাতেই **Select/UnSelect** করা যাবে না।

(ঙ) ফি এর টাকা ব্যাংকে জমা দেওয়ার ২৪ ঘন্টার মধ্যে **Final Candidate List Print Active** হবে।

(চ) **Final Candidate List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় মাদ্রাসা প্রধান স্বাক্ষর করবেন।

(ছ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্যে থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবে।

(জ) বিলম্ব ফি সহ ০৭/০১/২০২৩ হতে ০৯/০১/২০২৩ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ (eFF) করা যাবে।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১ (এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ: বিলম্ব ফি ছাড়া ৫ জানুয়ারি ২০২৩ এবং বিলম্ব ফিসহ ১০ জানুয়ারি ২০২৩ পর্যন্ত

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ
(ক)	রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক/ঐচ্ছিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে ২০২২ সনের অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২৩ সনের দাখিল পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ:	১৫/১২/২০২২
(খ)	অনলাইনে ফরমপূরণ বিলম্ব ফি ছাড়া	১৮/১২/২০২২ হতে ০৪/০১/২০২৩
(গ)	বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফি জমা দেয়ার শেষ তারিখ:	০৫/০১/২০২৩
(ঘ)	বিলম্ব ফি সহ অনলাইনে ফরমপূরণ	০৭/০১/২০২৩ হতে ০৯/০১/২০২৩
(ঙ)	পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ:	১০/০১/২০২৩